

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০৩.২০২২- ৭৬৪/০৫

তারিখ: ২৬/০৬/২০২২ খ্রি.

বিষয়: পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী এর পরিত্যক্ত ঘোষিত ০৪টি ভবন নিলাম বিক্রি।

সূত্র: কলেজ স্মারক নং ৩৯৩, তারিখ: ০২.০৬.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী এর পরিত্যক্ত ঘোষিত ০৪টি ভবন নিলামে বিক্রয়ের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অধিশাখা-১০ এর স্মারক ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২; তারিখ: ০৮/১২/২০১৪ খ্রি. পরিপত্র ৭(খ) এর নির্দেশনা মোতাবেক নিলামে বিক্রির অনুমোদনের প্রস্তাবে জেলা কনডেমনেশন কমিটির সুপারিশ গ্রহণ করা হয়নি।

শিক্ষা মন্ত্রণালয়ের বর্ণিত পরিপত্র ৭(খ) এর নির্দেশনা মোতাবেক নিলামে বিক্রির অনুমোদনের প্রস্তাবে জেলা কনডেমনেশন কমিটির সুপারিশসহ রেজুলেশান প্রেরণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

*(Signature)*  
26.6.22

(লোকমান হোসেন-১৭৩৯৪)  
সহকারী পরিচালক (কলেজ-১)  
ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ  
পটুয়াখালী সরকারি কলেজ  
পটুয়াখালী।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, পটুয়াখালী ও সভাপতি, স্থানীয় কনডেমনেশন কমিটি।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী।
- ০৪। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৫। সংরক্ষণ নথি।